# দিল্লিতে শেখ হাসিনার সংবাদ সম্মেলন সার্বভৌমত্বের প্রতি হুমকি: এনসিপি




আসিফ মাহমুদ। ছবি: সংগৃহীত

ভারতের রাজধানী নয়াদিল্লিতে শেখ হাসিনার সংবাদ সম্মেলনে অংশ নেওয়ার সুযোগ দেওয়াকে বাংলাদেশের সার্বভৌমত্বের জন্য উদ্বেগজনক বলে মন্তব্য করেছে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)।

বৃহস্পতিবার (৬ আগস্ট) সন্ধ্যায় রাজধানীতে দলের কেন্দ্রীয় কার্যালয়ে আয়োজিত জরুরি সংবাদ সম্মেলনে এ বক্তব্য দেন এনসিপির মুখপাত্র আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া।

তিনি বলেন, শেখ হাসিনা ও আওয়ামী লীগ বাংলাদেশের সার্বভৌমত্ব ক্ষুন্নের চেষ্টা চালিয়ে যাচ্ছে। দিল্লিতে অনুষ্ঠিত সংবাদ সম্মেলন সেই প্রচেষ্টারই অংশ বলে দলটি মনে করে।

আসিফ মাহমুদ আরও বলেন, ওই সংবাদ সম্মেলনে ক্রিকেটার সাকিব আল হাসানের উপস্থিতি নানা প্রশ্নের জন্ম দিয়েছে। এ বিষয়ে সরকারের আরও সক্রিয় ভূমিকা নেওয়ার আহ্বান জানান তিনি।

আসিফ মাহমুদ ঘটনাটিকে গুরুত্ব দিয়ে সরকার যেন প্রয়োজনীয় কূটনৈতিক পদক্ষেপ নেয়। একই সঙ্গে ঢাকায় নিযুক্ত ভারতীয় হাইকমিশনারকে তলব করে সরকারের অবস্থান স্পষ্ট করারও আহ্বান জানান তিনি।

LENS ASIA